

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৪২.১১.০০৯.১৭. ১২৬

২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: নরসিংদী জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: নরসিংদী জেলা পরিষদের স্মারক নং-জেপ-নর/নিয়োগ/৩৩/১/৯৪-৯৫/৩০, তারিখ: ১২/৪/২০১৮।

নরসিংদী জেলা পরিষদের মালিকানাধীন পলাশ আধুনিক মাল্টিপারপাস অডিটরিয়াম ও বেলাব উপজেলার ওয়ারী-বটেশ্বর ডাকবাংলোয় সাংগঠনিক কাঠামো বহির্ভূত দৈনিক মজুরীর ভিত্তিতে দায়োরান-কাম-কেয়ারটেকার পদে লোক নিয়োগের বিষয়ে নিম্নবর্ণিত তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) পলাশ আধুনিক মাল্টিপারপাস অডিটরিয়ামে জনাব মোঃ জহিরুল ইসলামকে কিভাবে নিয়োগ দেয়া হয়েছে;
- খ) তাকে নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া হয়েছে কিনা;
- গ) বর্ণিত অডিটরিয়ামে একজন কর্মরত থাকা সত্ত্বেও আরো একজন লোক নিয়োগের ছাড়পত্র চাওয়ার কারণ কি;
- ঘ) জেলা পরিষদ/অডিটরিয়াম/ডাকবাংলোতে দৈনিক মজুরী ভিত্তিতে বর্তমানে কতজন কেয়ারটেকার/পরিচ্ছন্নতা কর্মী কর্মরত রয়েছে; তাদের মধ্যে কে কোন্ ডাকবাংলো/অডিটরিয়ামে কর্মরত আছে, কর্মচারীদের নিয়োগে মন্ত্রণালয়ের অনুমোদন আছে কিনা এ সকল তথ্যসহ তাদের নামের তালিকা প্রেরণ;
- ঙ) সাংগঠনিক কাঠামোভুক্ত পদে দৈনিক মজুরী ভিত্তিতে কোন লোক কর্মরত রয়েছে কিনা; থাকলে তাদের কোন আইন/বিধি বলে নিয়োগ করা হয়েছে;
- চ) পদগুলো কবে থেকে শূন্য রয়েছে; পদ শূন্য হওয়ার কারণ;
- ছ) ডাকবাংলো/অডিটরিয়াম সমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব বিবরণী;
- জ) বর্ণিত জনবলের মজুরী প্রদানের সক্ষমতা জেলা পরিষদের রয়েছে কিনা।

J. M. in
০২/০৭/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নরসিংদী।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।